

তারিখ: ০৬.১০.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## চট্টগ্রাম জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির নতুন এ্যাডহক কার্যনির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ মানবতার সেবায় রেড ক্রিসেন্টের ভূমিকা প্রশংসনীয়: মেয়র ডা. শাহাদাত হোসেন

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম জেলা ইউনিটের নবগঠিত এ্যাডহক কার্যনির্বাহী কমিটির নেতৃত্বদ্বন্দ্ব সোমবার (৬ অক্টোবর) সন্ধ্যায় টাইগারপাসস্ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ে মেয়র ডা. শাহাদাত হোসেনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন এবং ফুলেল শুভেচ্ছা জানান। ২৬ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৩ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত এ কমিটি দায়িত্ব পালন করবে। নতুন এ্যাডহক কার্যনির্বাহী কমিটিতে সর্বমোট ১১জন দায়িত্বপ্রাপ্ত হয়েছেন। এসময় মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, রেড ক্রিসেন্ট সোসাইটি মানবতার সেবায় নিবেদিত একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান। দুর্যোগ, বিপর্যয় বা মানবিক সংকটের সময়ে রেড ক্রিসেন্টের ভূমিকা সবসময়ই প্রশংসনীয়। চট্টগ্রাম জেলা ইউনিটের নতুন এ্যাডহক কমিটি গঠনের মাধ্যমে সংগঠনটির কার্যক্রম আরও সুসংগঠিত ও গতিশীল হবে বলে আমি বিশ্বাস করি।



তিনি আরও বলেন, মানবিক সেবার আদর্শে অনুপ্রাণিত হয়ে রেড ক্রিসেন্টের সদস্যরা সব সময় সমাজের বিপন্ন মানুষের পাশে দাঁড়িয়েছেন। ভবিষ্যতেও যেন এই ঐতিহ্য বজায় রেখে তারা চট্টগ্রামবাসীর সেবায় কাজ করে যেতে পারেন, এজন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন সব ধরনের সহযোগিতা করবে। সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন কমিটির ভাইস চেয়ারম্যান মো. মনিরুল ইসলাম ইউছুফ, সেক্রেটারি অ্যাডভোকেট ইফতেখার হোসেন চৌধুরী মহসীন, সদস্য ডা. তাসলিম চৌধুরী, অ্যাডভোকেট আবু তাহের চৌধুরী ও অ্যাডভোকেট জসিম উদ্দিন হিমেল প্রমুখ।

## বাংলাদেশ রেলওয়ে কো-অপারেটিভ হাউজিং সোসাইটির নবনির্বাচিত কমিটির নেতৃত্বদ্বন্দ্বের মেয়রের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ রেলওয়ে কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেডের ত্রি-বার্ষিক নির্বাচনে জাতীয়তাবাদী প্যানেল (সেলিম-রতন পরিষদ) পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে। সোমবার (৬ অক্টোবর) সন্ধ্যায় নবনির্বাচিত কমিটির নেতৃত্বদ্বন্দ্ব টাইগারপাসস্ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ে মেয়র ডা. শাহাদাত হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে মেয়র ডা. শাহাদাত হোসেন নবনির্বাচিত কমিটির নেতৃত্বদ্বন্দ্বকে অভিনন্দন জানিয়ে বলেন, “নির্বাচনের মাধ্যমে নেতৃত্বে আসা মানে মানুষের আস্থা ও বিশ্বাস অর্জন করা। এই আস্থা ধরে রাখতে সততা, নিষ্ঠা ও দায়িত্ববোধের সঙ্গে কাজ করতে হবে। একটি সুষ্ঠু, স্বচ্ছ ও কল্যাণমুখী সোসাইটি গড়ে তুলতে নেতৃত্বের সদৃশতা সবচেয়ে জরুরি।” তিনি আরও বলেন, হাউজিং সোসাইটির মতো প্রতিষ্ঠানগুলো শহর উন্নয়ন ও নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। চট্টগ্রাম একটি ঐতিহ্যবাহী নগরী, এই নগরের উন্নয়ন শুধুমাত্র সরকারি উদ্যোগে নয়—সামাজিক সংগঠন ও সমবায়ভিত্তিক প্রতিষ্ঠানেরও অংশগ্রহণ প্রয়োজন। সোসাইটির নেতৃত্বদ্ব যদি স্বচ্ছতা ও পরিকল্পনার মাধ্যমে কাজ করেন, তাহলে তা সদস্যদের কল্যাণের পাশাপাশি নগর উন্নয়নেও ইতিবাচক প্রভাব ফেলবে। মেয়র ডা. শাহাদাত হোসেন আরও বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নাগরিকদের উন্নত জীবনমান নিশ্চিত করতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রক্রিয়ায় সমবায় সংগঠনগুলোকে পাশে পেলে নগর উন্নয়ন আরও টেকসই হবে। নাগরিকদের জন্য পরিচ্ছন্ন, সুন্দর ও আধুনিক নগর গড়ে তুলতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। বাংলাদেশ রেলওয়ে কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড এর ত্রি-বার্ষিক নির্বাচনে নির্বাচিত সেলিম-রতন পরিষদ কমিটির নেতৃত্বে রয়েছেন সভাপতি সাবেক কাউন্সিলর আব্দুস সাত্তার সেলিম, সহ সভাপতি ফজলুল করিম (মুকুট), সম্পাদক মোঃ আনোয়ার হোসাইন রতন, পরিচালক এম শাহেদ আলী, মাহমুদুল হাসান ডুঁঞা, চৌধুরী শরাফত করিম (কোচার), মোঃ আলী আশরাফ ডুঁঞা, মোঃ আমিরুজ্জামান, মোঃ হাবিবুর রহমান ডুঁঞা (স্বপন), মোঃ নিজাম উদ্দীন (নয়ন), হাসান আহম্মদ খান, মোহাম্মদ মনিরুজ্জামান। সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন মহানগর যুবদলের সভাপতি মোশাররফ হোসেন দিল্লী, বাংলাদেশ রেলওয়ে কো-অপারেটিভ হাউজিং সোসাইটি সভাপতি ও সাবেক কাউন্সিলর আব্দুস সাত্তার সেলিম, সাধারণ সম্পাদক আনোয়ার হোসাইন রতন, মহানগর সেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি শহিদুল্লাহ বাহার।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮